# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫০৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ -‘ঈসা আলায়হিস সালাম-এর অবতরণ

## اَلْفصْلُ الثَّالِثُ (بَاب نزُول عِيسَى عَلَيْهِ السَّلَام)

আরবী

عَن عبد الله بن عَمْرو قا ل: قا ل رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَنْزِلُ عِيسَى بن مَرْيَمَ إِلَى الْأَرْضِ فَيَتَزَوَّجُ وَيُولَدُ لَهُ وَيَمْكُثُ خَمْسًا وَأَرْبَعِينَ سَنَةً ثُمَّ يَمُوتُ فَيُدْفَنُ مَعِي فِي قَبْرِي فأقوم أَنا وَعِيسَى بن مَرْيَمَ فِي قَبْرٍ وَاحِدٍ بَيْنَ أَبِى بَكْرٍ وَعُمَرَ» . رَوَاهُ ابْنُ الْجَوْزِيِّ فِي كِتَابِ الْوَفَاءِ

اسناده ضعیف ، رواه ابن الجوزی فی کتاب الوفاء (2 / 714) [و العلل المتناهية (2 / 433 ح 1529)] * فیہ عبد الرحمن بن زیاد بن انعم الافریقی ضعیف و فی السند الیہ نظر ۔
(ضَعِيف)

বাংলা

৫৫০৮-[৪] আবদুল্লাহ ইবনু ’আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: “ঈসা ইবনু মারইয়াম আলায়হিস সালাম জমিনে অবতরণ করবেন, এরপর তিনি বিবাহ করবেন এবং তার সন্তানাদিও জন্মিবে এবং তিনি পঁয়তাল্লিশ বছর অবস্থান করবেন। অতঃপর তিনি ইন্তিকাল করবেন। তাকে আমার সাথে আমার কবরের সাথে দাফন করা হবে। কিয়ামতের দিন আমি ও ঈসা ইবনু মারইয়াম একই কবরস্থান থেকে আবূ বকর ও ’উমর (রাঃ)-এর মধ্যখান হতে উত্থিত হব। (ইবনু জাওযী তাঁর “আল ওয়াফা” গ্রন্থে)

ফুটনোট

মুনকার: আল ‘ইলালুল মুতানাহিয়াহু ১৫২৯, কারণ ‘আবদুর রহমান ইবনু যিয়াদ ইবনু আউম আল ইফরীকী

য'ঈফ। যঈফাহ ৬৫৬২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَمْكُثُ خَمْسًا وَأَرْبَعِينَ سَنَةً ثُمَّ يَمُوتُ) ঈসা আলায়হিস সালাম দুনিয়ায় আগমন করে বিয়ে করবেন ও তার সন্তান হবে এবং ৪৫ বছর অবস্থান করবেন, অতঃপর মৃত্যুবরণ করবেন।
এ হাদীস বাহ্যিকভাবে তাদের মতের বিপক্ষে যাচ্ছে। যারা বলেন, 'ঈসা আলায়হিস সালাম-কে ৩৩ (তেত্রিশ) বছর বয়সে আকাশে উঠিয়ে নেয়া হয়েছে। তিনি দুনিয়ায় এসে সাত বছর অবস্থান করবেন। ফলে তার মোট বয়স হবে ৪০ বছর। তার সাত বছর অবস্থান সম্পর্কে সহীহ মুসলিমে হাদীস রয়েছে।
অতএব উভয় বর্ণনার সমন্বয় হচ্ছে সহীহ হাদীসে বর্ণিত রিওয়ায়াতকে অগ্রাধিকার দিতে হবে অথবা ৫ বছরকে পূর্ণসংখ্যা না হওয়ার কারণে গণনায় ধরা হয়নি।
(ثُمَّ يَمُوتُ فَيُدْفَنُ مَعِي فِي قَبْرِي)অতঃপর তিনি মৃত্যুবরণ করবেন এবং তাকে আমার কবরস্থানে দাফন করা হবে। হাদীসে আমার কবরে দাফন করা হবে বলা হয়েছে। এর মর্ম হচ্ছে, তাকে রাসূল (সা.) -এর পার্শ্বে দাফন করা হবে। যেন তাদের দু'জনের কবর একটাই। কিয়ামতের দিন আমি ও ‘ঈসা আলায়হিস সালাম একই কবরস্থান থেকে উঠব আর আমাদের দুই পাশে দু’জন সাহাবী আবূ বাকর ও ‘উমার (রাঃ) থাকবেন। আবূ বাকর (রাঃ) থাকবে ডানে আর ‘উমার (রাঃ) থাকবে বামে। আবূ দাউদ (রহিমাহুল্লাহ) বলেন, রাসূলুল্লাহ (সা.) - এর গৃহে একটি কবর খালি আছে।
মিরাত ভাষ্যকার বলেন, আর উক্ত জায়গাটি হবে ‘ঈসা আলায়হিস সালাম-এর কবরস্থান। রাসূল (সা.) ও আবূ বাকর-এর মাঝে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85486

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন